গণপ্রজাতন্ত্রী বাংলাদেশে সরকার
প্রাণিসম্পদ অধিদপ্তর
কৃষি খামার সড়ক, ফার্মগেট, ঢাকা-১২১৫।
www.dls.gov.bd

স্মারক নং: ৩৩.০১.০০০০.১১৪.২২.০০১.২২- ৪৯৭ তারিখ: ২৮/১২/২০২২ খ্রীঃ

বিষয়ঃ পশু জবাই ও মাংসের মান নিয়ন্ত্রণ বিধিমালা ২০২১ এর বিধি ১৩(১) মোতাবেক লাইসেন্সিং কর্তৃপক্ষ নির্ধারণ সংক্রান্ত।

সূত্র: ১। মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের আইন অধিশাখার স্মারক নং ৩৩.০০.০০০০.১৪৭.০৭.০০১.১৯.১৬,তারিখঃ ১৮/০১/২০২২ খ্রীঃ।
২। মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের আইন অধিশাখার স্মারক নং ৩৩.০০.০০০০.১৪৭.০৭.০০১.১৯.৩৭৩,তারিখঃ ২৭/১০/২০২২ খ্রীঃ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে সুত্রোস্থ পত্র এবং পশু জবাই ও মাংসের মান নিয়ন্ত্রণ আইন ২০১১ এর ধারা ৯ এবং পশু জবাই ও মাংসের মান নিয়ন্ত্রণ বিধিমালা ২০২১ এর বিধি ১৩(১) মোতাবেক জবাইখানা বা মাংস বিক্রয় স্থাপনা বা মাংস প্রক্রিয়াকরণ কারখানা স্থাপন ও পরিচালনার জন্য লাইসেন্সিং কর্তৃপক্ষ হিসেবে নিম্নরুপভাবে ক্ষমতা অর্পণ করা হল।

| ক্রমিক নং | মাংস বা মাংসজাত পণ্য উৎপাদনের পরিমান (সপ্তাহ হিসেবে) | ক্যাটাগরি | নিবন্ধনের ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা |
|---|---|---|---|
| ১। | ৮ (আট) টন বা উহার উর্দ্ধে; | এ | পরিচালক প্রশাসন |
| ২। | ১ (এক) টনের বেশী কিন্তু ৮(আট) টনের নিম্নে | বি | জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা। |
| ৩। | ১ (এক) টন বা উহার নিম্নে | সি | জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা। |

২। জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা ভেটেরিনারিয়ান না হলে জেলা ভেটেরিনারি অফিসার (সংশ্লিষ্ট জেলা) নিবন্ধনের ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালন করবেন।

৩। নিবন্ধনের ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা সংশ্লিষ্ট আইন ও বিধিমালার আলোকে অর্পিত দায়িত্ব পালন করবেন।

৪। ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা ২ নং সূত্রোস্থ পত্রে বর্ণিত অর্থ বিভাগ কর্তৃক অনুমোদিত ফি অনুযায়ী কার্যক্রম গ্রহন করবেন।

৫। পশু জবাই ও মাংসের মান নিয়ন্ত্রণ আইন ২০১১ এবং পশু জবাই ও মাংসের মান নিয়ন্ত্রণ বিধিমালা ২০২১ এ প্রদত্ত ক্ষমতাবলে এ আদেশ জারী করা হল।

জনস্বার্থে এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

২৮/১২/২০২২

(ডা: মনজুর মোহাম্মদ শাহজাদা)
মহাপরিচালক (চলতি দায়িত্ব)
প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।

স্মারক নং: ৩৩.০১.০০০০.১১৪.২২.০০১.২২- ৪৯৭ (১১) তারিখ: ২৮/১২/২০২২ খ্রীঃ

অনুলিপি জ্ঞাতার্থে ও কার্যার্থে (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়):

১। পরিচালক প্রশাসন, প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ,ঢাকা।
২। পরিচালক উৎপাদন, প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ,ঢাকা।
৩। পরিচালক হিসাব,বাজেট ও নিরীক্ষা প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ,ঢাকা।
৪। পরিচালক কেন্দ্রিয় ভেটেরিনারি হাসপাতাল, ৪৮-কাজী আলাউদ্দীন রোড, ঢাকা।
৫। পরিচালক সম্প্রসারণ, প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ,ঢাকা।
৬। পরিচালক কৃত্রিম প্রজনন, প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ,ঢাকা।
৭। পরিচালক বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর..................................(সকল)।
৮। জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা...........................................(সকল)।
৯। ভেটেরিনারি অফিসার....................................................(সকল)।
১০। মোঃ শামীম হোসেন, জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা (লীভ,ডেপুটেশন এন্ড ট্রেনিং রিজার্ভ পদ), প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ,ঢাকা। প্রজ্ঞাপনটি অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের জন্য।
১১। উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা.......................................(সকল)।

সদয় অবগতির জন্য অনুলিপি:

১। মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ইহা মাননীয় মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২। সচিব মহোদয়ের একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ইহা সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
আইন অধিশাখা
www.mofl.gov.bd

স্মারক নম্বর: ৩৩.০০.০০০০.১৪৭.০৭.০০১.১৯.৩৭৩

তারিখ: ১১ কার্তিক ১৪২৯
২৭ অক্টোবর ২০২২

বিষয়: **'পশুজবাই ও মাংসের মান নিয়ন্ত্রণ বিধিমালা, ২০২১'- এর বিধি ১৩(৫) মোতাবেক ক্যাটাগরি-ভিত্তিক লাইসেন্সের মূল্য নির্ধারণ সংক্রান্ত।**

'পশুজবাই ও মাংসের মান নিয়ন্ত্রণ বিধিমালা, ২০২১'- এর বিধি ১৩(৫) মোতাবেক ক্যাটাগরি-ভিত্তিক লাইসেন্সের মূল্য নির্ধারণ সংক্রান্ত অত্র মন্ত্রণালয় কর্তৃক প্রেরিত প্রস্তাব বিষয়ে নিম্নোক্তরূপে অর্থ বিভাগ সম্মতি জ্ঞাপন করেছে।

| মাংস বা মাংসজাত পণ্য উৎপাদনের পরিমাণ (প্রতি সপ্তাহে) | পরিষেবার নাম | ফি'র প্রস্তাবিত হার (টাকা) | অর্থ বিভাগ কর্তৃক অনুমোদিত ফি (টাকা) |
|---|---|---|---|
| ৮ (আট) টন বা উহার উর্দ্ধে | আবেদন ফি | ৩,০০০/- | ৩,০০০/- |
| | লাইসেন্স ফি | ৭০,০০০/- | ৭০,০০০/- |
| | নবায়ন ফি | ১৫,০০০/- | ১৫,০০০/- |
| ১ (এক) টনের বেশি কিন্তু ৮ (আট) টনের নিম্নে | আবেদন ফি | ২,০০০/- | ২,০০০/- |
| | লাইসেন্স ফি | ২৫,০০০/- | ২৫,০০০/- |
| | নবায়ন ফি | ৭,৫০০/- | ৭,৫০০/- |
| ১ (এক) টন বা উহার নিম্নে | আবেদন ফি | ১,০০০/- | ১,০০০/- |
| | লাইসেন্স ফি | ১৫,০০০/- | ১৫,০০০/- |
| | নবায়ন ফি | ১,৫০০/- | ১,৫০০/- |

০২।এমতাবস্থায়, অর্থ বিভাগ কর্তৃক নির্ধারিত উপরিউক্ত ফি কার্যকর করে এ সংক্রান্ত প্রজ্ঞাপন/আদেশের কপি অত্র মন্ত্রণালয়ে প্রেরণ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ অর্থ বিভাগের সম্মতি পত্র। ,

২৭-১০-২০২২
মৃনাল কান্তি দে
উপসচিব
ফোন: ০২২২৩৩৫৬৩৫৭
ইমেইল: ds_law@mofl.gov.bd

মহাপরিচালক (চলতি দায়িত্ব)
প্রাণিসম্পদ অধিদপ্তর

স্মারক নম্বর: ৩৩.০০.০০০০.১৪৭.০৭.০০১.১৯.৩৭৩/১(২)

তারিখ: ১১ কার্তিক ১৪২৯
২৭ অক্টোবর ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:
১) সচিবের একান্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), সচিবের দপ্তর, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
ট্রেজারি ও ঋণ ব্যবস্থাপনা অনুবিভাগ
এনটিআর-৩
www.mof.gov.bd

জরুরি
সীমিত

স্মারক নম্বর: ০৭.০০.০০০০.১৪৫.২২.০০৩.২১.৭৭

তারিখ: ৭ কার্তিক ১৪২৯
২৩ অক্টোবর ২০২২

বিষয়: **'পশুজবাই ও মাংসের মান নিয়ন্ত্রণ বিধিমালা, ২০২১'- এর বিধি ১৩(৫) মোতাবেক ক্যাটাগরি-ভিত্তিক লাইসেন্সের মূল্য নির্ধারণ সংক্রান্ত।**

সূত্র: মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের পত্র নং ৩৩.০০.০০০০.১৪৭.০৭.০০১.১৯-৩৪৩ তারিখঃ ২৮.০৯.২০২২

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকে 'পশুজবাই ও মাংসের মান নিয়ন্ত্রণ বিধিমালা, ২০২১'- এর বিধি ১৩(৫) মোতাবেক ক্যাটাগরি-ভিত্তিক লাইসেন্সের মূল্য নির্ধারণ সংক্রান্ত মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় কর্তৃক প্রেরিত প্রস্তাব বিষয়ে নিম্নোক্তরূপে নির্দেশক্রমে অর্থ বিভাগের সম্মতি জ্ঞাপন করা হল:

| মাংস বা মাংসজাত পণ্য উৎপাদনের পরিমাণ (প্রতি সপ্তাহে) | পরিষেবার নাম | ফি'র প্রস্তাবিত হার (টাকা) | অর্থ বিভাগ কর্তৃক অনুমোদিত ফি (টাকা) |
|---|---|---|---|
| ৮ (আট) টন বা উহার উর্দ্ধে | আবেদন ফি | ৩,০০০/- | ৩,০০০/- |
| | লাইসেন্স ফি | ৭০,০০০/- | ৭০,০০০/- |
| | নবায়ন ফি | ১৫,০০০/- | ১৫,০০০/- |
| ১ (এক) টনের বেশি কিন্তু ৮ (আট) টনের নিম্নে | আবেদন ফি | ২,০০০/- | ২,০০০/- |
| | লাইসেন্স ফি | ২৫,০০০/- | ২৫,০০০/- |
| | নবায়ন ফি | ৭,৫০০/- | ৭,৫০০/- |
| ১ (এক) টন বা উহার নিম্নে | আবেদন ফি | ১,০০০/- | ১,০০০/- |
| | লাইসেন্স ফি | ১৫,০০০/- | ১৫,০০০/- |
| | নবায়ন ফি | ১,৫০০/- | ১,৫০০/- |

০২। উপর্যুক্ত ফি নির্ধারণ/পুনর্নির্ধারণের প্রস্তাবটি কার্যকর করে এ সংক্রান্ত প্রজ্ঞাপন/আদেশের কপি অর্থ বিভাগের এনটিআর অধিশাখায় প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

২৩-১০-২০২২
সারোয়ার আহমেদ সালেহীন
উপ-সচিব (অতিরিক্ত দায়িত্ব)
ফোন: ০২-৯৫৪৬৫৫২
ইমেইল: info@finance.gov.bd

সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়

**দৃষ্টি আকর্ষণঃ** উপসচিব, আইন অধিশাখা , মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়।

স্মারক নম্বর: ০৭.০০.০০০০.১৪৫.২২.০০৩.২১.৭৭/১(৫)

তারিখ: ৭ কার্তিক ১৪২৯
২৩ অক্টোবর ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) অতিরিক্ত সচিব, প্রশাসন ও টিডিএম, অর্থ বিভাগ।

২) অতিরিক্ত সচিব, ট্রেজারি ও ঋণ ব্যবস্থাপনা অনুবিভাগ, অর্থ বিভাগ।

৩) যুগ্ম সচিব, এনটিআর, অর্থ বিভাগ।

৪) একান্ত সচিব ( সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য), অর্থ বিভাগ।

৫) অফিস কপি।

২৩-১০-২০২২
সারোয়ার আহমেদ সালেহীন
উপ-সচিব (অতিরিক্ত দায়িত্ব)